গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
পরিমেয় ঐতিহ্য শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

**বিষয়: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর গবেষণা কর্মকর্তা জনাব জিতেন চাকমা এর সিলেকশন গ্রেড এবং উপপরিচালক (৬ষ্ঠ গ্রেড) পদে পদোন্নতি সংক্রান্ত ১১ অক্টোবর ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **খলিল আহমদ, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়** |
| সভার তারিখ | : | ১১ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ (ভবন নম্বর-০৬, ১১ তলা, কক্ষ নম্বর-১০১৭)। |

সভার উপস্থিতি কমিটির সদস্যের নাম : **পরিশিষ্ট 'ক'**- এ প্রদর্শিত হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিষ্ঠানের ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক গঠিত কমিটির সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ মিজানুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আলোচ্যসূচি অনুযায়ী সভায় কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে জনাব জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা এর ৯ম গ্রেড থেকে ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড এবং উপপরিচালক পদে পদোন্নতির বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

**১। আলোচনা:**

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর গবেষণা কর্মকর্তা জনাব জিতেন চাকমা এর সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে সদস্য সচিব কর্তৃক সভায় উপস্থাপন করা হলে অর্থ বিভাগের প্রতিনিধি ড. নাছিমা আক্তার, যুগ্মসচিব জানান যে সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে উন্নয়ন খাত হতে রাজস্ব খাতে স্থানান্তরিত ব্যক্তি নিয়মিতকরণ হওয়া প্রয়োজন। গবেষণা কর্মকর্তার পদটি গত ০১-০১-২০০৪ তারিখ হতে রাজস্ব বাজেটে স্থানান্তর হয়েছে। অর্থ বিভাগের নির্দেশনা অনুসরণ করা হলে উক্ত তারিখ হতে চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে সিলেকশন গ্রেড প্রাপ্য হবেন। এই গ্রেডভুক্ত কর্মকর্তার জন্য বর্তমানে কোন ডিপিসি সভার প্রয়োজন হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.০১.১২৮ সংখ্যক পরিপত্র অনুযায়ী ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান করতে পারেন। তদনিম্ন গ্রেডের কর্মকর্তার সিলেকশন গ্রেড প্রশাসনিক মন্ত্রণালয় প্রদান করেতে পারে।

তিনি সভাকে আরো অবহিত করেন যে, সিলেকশন গ্রেড প্রদানে সন্তোষজনক চাকুরির বিষয়টি বিবেচনাযোগ্য। চাকুরি সন্তোষজনক এর প্রমাণকসমূহ হচ্ছে, শংখলামূলক প্রতিবেদন, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক থাকতে হবে। শৃংখলামূলক প্রতিবেদনের জন্য মন্ত্রণালয়ের আইন অধিশাখা হতে প্রতিবেদন গ্রহণের বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। এ পর্যায়ে সভার সভাপতি উন্নয়ন প্রকল্প হতে পদগুলো রাজস্ব খাতে স্থানান্তর হওয়ার পর পদ এবং পদধারীগণকে স্থায়ী করা হয়েছে কিনা সে বিষয়ে জানতে চান। কমিটির সদস্য সচিব জানান যে, পদগুলো রাজস্বখাতে মন্ত্রণালয় হতে সৃষ্টি ও স্থানান্তর করা হলেও পদধারীগণকে যথানিয়মে মন্ত্রণালয় হতে স্থায়ী করা হয়নি। তবে পার্বত্য জেলা পরিষদের সভাপতি কর্তৃক ব্যক্তিকে স্থায়ীকরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে পদধারীকে ভূতাপেক্ষভাবে মন্ত্রণালয় হতে নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করতে হবে। সভায় এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সা: ঐ-২) এসব ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটসমূহের কর্মরত কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন কারা দিবেন সে বিষয়টি সভায় উপস্থাপন করেন। সভাপতি জানান যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ২০২১ সালে বার্ষিক গোপনীয় অনুবেদন বিষয়ে একটি অনুশাসনমালা জারি করেছে। উক্ত অনুশাসনমালা-২০২০ অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পুরণ করতে হবে। সভায় উপস্থিত কমিটির সকল সদস্য এতে একমত পোষণ করেন।

**অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:**

**২। আলোচনা:**

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর গবেষণা কর্মকর্তা জনাব জিতেন চাকমা এর গবেষণা কর্মকর্তা হতে উপপরিচালক পদে পদোন্নতির বিষয়ে তাঁর চাকরি ভূতাপেক্ষভাবে স্থায়ী ও নিয়মিতকরণ, প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন শাখা হতে বিভাগীয় মামলা সংক্রান্ত প্রত্যয়ন, সংশ্লিষ্ট জেলা দূর্নীতি দমন কমিশন কার্যালয় হতে মামলা সংক্রান্ত প্রত্যয়ন প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয় এবং কমিটির সকল সদস্য এতে একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**সিদ্ধান্ত**

(ক) জনাব জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট কে রাজস্বখাতে স্থানান্তরের ০১-০১-২০০৪ তারিখ হতে চাকুরিতে ভুতাপেক্ষভাবে নিয়মিতকরণ এবং ০১-০৬-২০১১ তারিখ হতে স্থায়ীকরণের আদেশ প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারির শর্তে জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী তার পদ রাজস্ব বাজেটে নিয়মিতকরণের তারিখ হতে পরবর্তী চার বছর পূর্তিতে ০১-০৬-২০১৫ তারিখে ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ করা হয়;

(খ) জনাব জিতেন চাকমা, গবেষণা কর্মকর্তা এর প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ভূতাপেক্ষভাবে নিয়মিতকরণ ও স্থায়ীকরণ, আইন শাখা হতে বিভাগীয় মামলার প্রত্যয়ন, সংশ্লিষ্ট জেলা দূর্নীতি দমন কমিশন কার্যালয় হতে মামলা সংক্রান্ত প্রত্যয়ন সংগ্রহের পর উপপরিচালক পদে পদোন্নতির জন্য সভা আহ্বান;

(গ) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০৭ জানুয়ারি ২০২১ সালে জারিকৃত 'গোপনীয় অনুবেদন ফরম [বাংলাদেশ ফর্ম নং২৯০-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)]' এবং 'গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০' যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব মোঃ মিজানুর রহমান
যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
সদস্য সচিব
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন
গ্রেড প্রদান বিষয়ক কমিটি

জনাব শাহনাজ সামাদ
যুগ্মসচিব (সা: ঐ-২) (ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর
সাংস্কৃতিক প্রতিষ্ঠান, খাগড়াছড়ি এর
প্রতিষ্ঠান প্রধানের দায়িত্বে)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
সদস্য
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন
গ্রেড প্রদান বিষয়ক কমিটি

ড. নাছিমা আক্তার
যুগ্মসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
সদস্য
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন
গ্রেড প্রদান বিষয়ক কমিটি

জনাব মোহাম্মদ মিজানুর রহমান
অতিরিক্ত সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
সদস্য
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড
প্রদান বিষয়ক কমিটি

জনাব খলিল আহমদ
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ও
সভাপতি
নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড
প্রদান বিষয়ক কমিটি